**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৪৬/২০১৮-১৯**

**ঢাকা, বৃহস্পতিবার ৬ সেপ্টেম্বর ২০১৮, ২২ ভাদ্র ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ড্রিমলাইনার 'আকাশবীণা' উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

২। সিটি করপোরেশন নির্বাচনগুলোই দেশে সুষ্ঠু গণতান্ত্রিক ধারা বজায় থাকার প্রমাণ : প্রধানমন্ত্রী

৩। জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০১৮ শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৪। অবাধ, সুষ্ঠু ও অন্তর্ভুক্তিমূলক নির্বাচন গণতন্ত্রের মূলভিত্তি
ঢাকায় ফেমবোসা সম্মেলন উদ্বোধনকালে স্পিকার

৫। আগামী ২৭ ডিসেম্বর সংসদ নির্বাচন হতে পারে : অর্থমন্ত্রী

৬। নবজাতক মৃত্যুহার কমাতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ : স্বাস্থ্যমন্ত্রী

৭। তিন হাজারের বেশি রোহিঙ্গা ফেরত পাঠানোর মাধ্যমে প্রত্যাবাসন শুরু হবে : পররাষ্ট্রমন্ত্রী

৮। পাঁচশ' টাকায় রক্ত পরীক্ষায় শনাক্ত করা যাবে ক্যান্সার
গবেষকদের উদ্ভাবন নিয়ে শিক্ষামন্ত্রীর সংবাদ সম্মেলন

৯। গণমাধ্যম সমাজকে স্বচ্ছ করে : তথ্যমন্ত্রী

১০। আগামী বাজেটে তামাকদ্রব্যে কর বাড়বে : পরিকল্পনামন্ত্রী

১১। দেশে এখন ২০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা রয়েছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। **ড্রিমলাইনার 'আকাশবীণা' উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিমানের কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে সংস্থার ভাবমূর্তি উন্নয়নের আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) দেশের বিমানবহরে প্রথমবারের মতো সংযোজিত ৭৮৭ বোয়িং ড্রিমলাইনার 'আকাশবীণা'র উদ্বোধনকালে এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, বিমানের কর্মকর্তা-কর্মচারীদের আরও লক্ষ্য রাখতে হবে যাতে বিদেশি এবং স্থানীয় যাত্রী সাধারণ সেইসঙ্গে প্রবাসী বাংলাদেশিরা দ্রুত ইমিগ্রেশন সম্পন্ন করে তাদের মালপত্র নিয়ে বিমানবন্দর ত্যাগ করতে পারেন। তিনি বলেন, আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এ প্রক্রিয়াটি দ্রুত সম্পাদন করতে হবে। তিনি এ সময় বিমান কর্তৃপক্ষকে নিরাপত্তার বিষয়টিতে আরো গুরুত্বারোপ করার আহ্বান জানান। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিভিআইপি টার্মিনালে আয়োজিত এ অনুষ্ঠানে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী এ কে এম শাজাহান কামাল বিশেষ অতিথি ছিলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

২। **সিটি করপোরেশন নির্বাচনগুলোই দেশে সুষ্ঠু গণতান্ত্রিক ধারা বজায় থাকার প্রমাণ : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সাম্প্রতিক সিটি করপোরেশন নির্বাচনগুলোতে বিভিন্ন রাজনৈতিকদলের প্রার্থী বিজয়ী হওয়ায় এটাই প্রমাণিত হয় দেশে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ বজায় রয়েছে এবং গণতন্ত্র শক্ত ভিতের ওপর প্রতিষ্ঠিত হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, জনগণ সিটি করপোরেশন নির্বাচনগুলোতে নিজস্ব পছন্দের প্রার্থীকে অবাধে ভোট দিতে পেরেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) তাঁর তেজগাঁওস্থ কার্যালয়ে রাজশাহী এবং সিলেটের নবনির্বাচিত মেয়র এবং কাউন্সিলরবৃন্দের শপথগ্রহণ অনুষ্ঠানে এ সব কথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজশাহীর মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন এবং সিলেট সিটি করপোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরীর শপথবাক্য পাঠ করান এবং এলজিআরডি ও সমবায়মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন কাউন্সিলরদের শপথবাক্য পাঠ করান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৩। **জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০১৮ শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

জনগণকে বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহার সম্পর্কে সচেতন করে উন্নয়নের গতি তীব্র করার লক্ষ্যে প্রতি বছর জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের আয়োজন করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় 'অনির্বাণ আগামী' এ প্রতিপাদ্য নিয়ে দেশব্যাপী জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ উদ্‌যাপন করতে যাচ্ছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার) ঢাকায় ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা হলে এ অনুষ্ঠানের উদ্বোধন করবেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৮), **অবজারভার** ( পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

৪। **অবাধ, সুষ্ঠু ও অন্তর্ভুক্তিমূলক নির্বাচন গণতন্ত্রের মূলভিত্তি**
**ঢাকায় ফেমবোসা সম্মেলন উদ্বোধনকালে স্পিকার**

অবাধ, সুষ্ঠু ও অন্তর্ভুক্তিমূলক নির্বাচন গণতন্ত্রের জন্য মূলভিত্তি বলে অভিহিত করেছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। তিনি বলেন, সংসদীয় গণতন্ত্রচর্চার কেন্দ্রবিন্দু হলো সংসদ। সামনে একাদশ জাতীয় সংসদ নির্বাচন। এ নির্বাচনে জনগণের আস্থা অর্জন জরুরি। গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর হোটেল রেডিসনে দক্ষিণ এশিয়ার নির্বাচন কমিশনের সংগঠন 'ফোরাম অভ্ ইলেকশন ম্যানেজমেন্ট বডিস অভ্ সাউথ এশিয়া (ফেমবোসা)' এর দুইদিনব্যাপী সম্মেলন উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৫। আগামী ২৭ ডিসেম্বর সংসদ নির্বাচন হতে পারে : অর্থমন্ত্রী**

আগামী ২৭ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচন হতে পারে বলে ধারণা দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। একইসঙ্গে নির্বাচনকে সামনে রেখে আগামী ২০ দিনের মধ্যে অন্তর্বর্তী সরকার গঠন করা হবে বলে জানিয়েছেন তিনি। গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) সিলেট সিটি করপোরেশনের (সিসিক) নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলররা সচিবালয়ে অর্থমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে আসেন। এ সময় উপস্থিত সাংবাদিকদের মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৬। নবজাতক মৃত্যুহার কমাতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ : স্বাস্থ্যমন্ত্রী**

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অনুযায়ী ২০৩০ সালের মধ্যে বাংলাদেশে নবজাতক মৃত্যুহার কমাতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জেলা পর্যায়ে জাতীয় নবজাতক স্বাস্থ্য কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, সাধারণ জনগণের স্বাস্থ্যবিষয়ক সচেতনতা বাড়ার কারণেই নবজাতক মৃত্যুহার কমেছে। নবজাতক মৃত্যুহারের দিক থেকে শ্রীলংকার পর বাংলাদেশের অবস্থান। এসডিজি অনুযায়ী ২০৩০ সাল নাগাদ এ হার প্রতি হাজার জীবিত জন্মে **১২** অথবা তার নিচে নেওয়া এবং ২০৩৫ সাল নাগাদ প্রতিরোধযোগ্য নবজাতক মৃত্যু অবসানে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। সূত্র-**সমকাল** (পৃ, ৪, ক. ৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**৭। তিন হাজারের বেশি রোহিঙ্গা ফেরত পাঠানোর মাধ্যমে প্রত্যাবাসন শুরু হবে : পররাষ্ট্রমন্ত্রী**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠানোর প্রক্রিয়া শীঘ্রই শুরু হবে বলে আশা করছে ঢাকা। প্রাথমিক পর্যায়ে তিন হাজারের বেশি রোহিঙ্গাকে মিয়ানমারে ফেরত পাঠানোর মাধ্যমে এ প্রত্যাবাসন শুরু হবে। যদিও এখনো কোনো দিনক্ষণ চূড়ান্ত হয়নি। গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর মিরপুরে ন্যাশনাল ডিফেন্স কলেজে (এনডিসি) রোহিঙ্গা সংকট নিয়ে আয়োজিত এক সেমিনারে অংশগ্রহণশেষে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী সাংবাদিকদের এ কথা জানান। এনডিসি আয়োজিত 'রোহিঙ্গা সংকট: চ্যালেঞ্জ এবং সমাধান' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্রমন্ত্রী রোহিঙ্গাদের কিভাবে নিজ দেশে ফেরত পাঠানো যায় সে বিষয়ে আলোচনা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **সমকাল** (পৃ.৪,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**৮। পাঁচশ' টাকায় রক্ত পরীক্ষায় শনাক্ত করা যাবে ক্যান্সার**
**গবেষকদের উদ্ভাবন নিয়ে শিক্ষামন্ত্রীর সংবাদ সম্মেলন**

শুধু রক্ত পরীক্ষার মাধ্যমেই ক্যান্সার নির্ণয়ের সম্ভাবনার দ্বার উন্মোচিত হয়েছে। রক্ত পরীক্ষায় সময় লাগবে মাত্র পাঁচ মিনিট। খরচ হবে পাঁচশ' টাকা। সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ইয়াসমিন হকের নেতৃত্বে একদল গবেষক নন-লিনিয়ার অপটিক্স গবেষণায় ক্যান্সার শনাক্তকরণের সাশ্রয়ী প্রযুক্তি উদ্ভাবন করেছেন। গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উদ্ভাবিত ক্যান্সার শনাক্তকরণ প্রযুক্তি সম্পর্কে গণমাধ্যমকে অবহিত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**৯। গণমাধ্যম সমাজকে স্বচ্ছ করে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, দুর্নীতি, মানুষ পোড়ানো, হত্যা-খুনের অপরাধের মামলাকে রাজনৈতিক মামলা বলে চালিয়ে অপরাধীদের রক্ষা বা হালাল করার চক্রান্তের বিরুদ্ধে গণমাধ্যমকে সোচ্চার হতে হবে। গণমাধ্যম সমাজকে স্বচ্ছ করে। গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের

(পিআইবি) সেমিনার হলে পিআইবি-সোহেল সামাদ স্মৃতি পুরস্কার-২০১৮ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এ সব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৬)।

**১০। আগামী বাজেটে তামাকদ্রব্যে কর বাড়বে : পরিকল্পনামন্ত্রী**

আগামী ২০১৯-২০ অর্থবছরের বাজেটে তামাকপণ্যের উপর করের হার বাড়ানো হবে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে প্রগতির জন্য জ্ঞান এবং এন্টি টোব্যাকো মিডিয়া এলায়েন্স আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২)।

**১১। দেশে এখন ২০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা রয়েছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, এখন দেশে ২০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা রয়েছে। এ পর্যন্ত সর্বোচ্চ উৎপাদিত হয়েছে ১১ হাজার ৩৮৭ মেগাওয়াট। আগামীতে আরও বড় বড় কাজ হবে। ২০৪১ সালে পরিকল্পনার দিকে নজর দেওয়া হচ্ছে। এজন্য আমাদের ৮০ বিলিয়ন ডলার প্রয়োজন। কাজের ধারাবাহিকতা রক্ষায় এ সরকারের ধারাবাহিকতা রক্ষার আহ্বান জানান তিনি। গতকাল (৫ সেপ্টেম্বর বুধবার) বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০১৮ উপলক্ষে বিদ্যুৎ ভবনের মুক্তি হলে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.৩,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইনকিলাব, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর :** নদীর দেশ বাংলাদেশের জন্য জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলাসহ পানিসম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে সরকার শতবছর মেয়াদী ব-দ্বীপ পরিকল্পনা করাকে স্বাগত জানিয়ে এ প্রকল্প যথাযথ প্রক্রিয়ায় বাস্তবায়িত হলে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার রূপরেখা একটি অদম্য গতি লাভ করবে বলে মতপ্রকাশ।

খ. **যায়যায়দিন :** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ জরিপ মতে, বাংলাদেশে দারিদ্র্যের হার দাঁড়িয়েছে ২৪ দশমিক ৩ শতাংশ যেখানে ২০০০ সালেও এ হার ছিল ৪৮ দশমিক ২ শতাংশ উল্লেখ করে এ ধারাবাহিকতা বজায় রাখতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল** : প্রতিবন্ধীরা যোগ্যতায় চাকরি পাচ্ছে না এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে প্রতিবন্ধীদের চাকরির পথ সুগম করতে দূরদর্শী কর্মপরিকল্পনা ও বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ, ইত্তেফাক :** মাদকবিরোধী অভিযান চলার পরও কোনোভাবেই বন্ধ হচ্ছে না মাদকব্যবসা উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **জনকণ্ঠ :** পেশাগত জীবনে সিংহভাগ নারীই অবহেলা, অপমান ও অবিচারের আবর্তে পড়ে এক গবেষণা প্রতিবেদনে এ তথ্য উঠে আসার কথা উল্লেখ করে অবাধ ও মুক্ত পরিবেশে নারীরা যাতে তাদের পেশাগত জীবনকে সুষ্ঠুভাবে এগিয়ে নিতে পারে সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে, ইন্ডিপেনডেন্ট** : রাজধানীতে যানজট দিন দিন বেড়ে যাচ্ছে উল্লেখ করে এর পরিপ্রেক্ষিতে সড়কের ট্রাফিক ব্যবস্থা শৃঙ্খলার মধ্যে আনার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : দেশে বেশিরভাগ নারী গৃহকর্মীরা প্রতিনিয়ত নির্যাতনের শিকার হয় উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের প্রত্যেক নাগরিকের জন্য সততার ভিত্তিতে সামাজিক সমতা সৃষ্টি ও ন্যায়বিচার নিশ্চিত করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'পারিবারিক নির্যাতন বন্ধে সোচ্চার হতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নারীশিক্ষা, নারী অধিকার ও নারীর ক্ষমতায়ন আরো সক্রিয়ভাবে নিশ্চিত করতে পারলে পারিবারিক নির্যাতন প্রতিরোধ করা সম্ভব।

#

ডালিয়া/শুকলা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা